ক্রীড়ায় শ্রেষ্ঠত্ব
Excellence in Sports

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)

জিরানী, সাভার, ঢাকা ১৩৪৯।

www.bksp.gov.bd

ভর্তি বিজ্ঞপ্তি-২০২৭

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) তে ক্রীড়া মেধা সম্পন্ন খেলোয়াড়দের সাধারণ শিক্ষাসহ ক্রীড়া ক্ষেত্রে দীর্ঘ মেয়াদী বিজ্ঞানভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক মানের খেলোয়াড় তৈরির লক্ষ্যে ২০২৭ শিক্ষাবর্ষে নিয়মিত প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে। এমতাবস্থায়, নিম্নবর্ণিত দিন, তারিখ ও স্থানসমূহে সকাল ০৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত প্রাথমিক নির্বাচনী পরীক্ষা গ্রহণ করা হবে। **আবেদন ফরম অনলাইনে পূরণ করতে হবে।**

প্রাথমিক নির্বাচনের সময়সূচি

ক) রংপুর বিভাগ
২১ ও ২২ ডিসেম্বর-২০২৬ (সোম ও মঙ্গলবার)
পরীক্ষা কেন্দ্র: বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বাশেরহাট, দিনাজপুর।
মোবাইল নং: ০১৫৫০-৭০০১২১ (উপপরিচালক)

খ) রাজশাহী বিভাগ
২৪ ডিসেম্বর-২০২৬ (বৃহস্পতিবার)
পরীক্ষা কেন্দ্র: বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সিটিহাট, অভয়ের মোড়, রাজশাহী বাইপাস, রাজশাহী।
মোবাইল নং: ০১৭৪৪-২৭৮৯৩৭ (উপপরিচালক)

গ) খুলনা বিভাগ
২৬ ও ২৭ ডিসেম্বর-২০২৬ (শনি ও রবিবার)
পরীক্ষা কেন্দ্র: বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, আফিল গেট, আটরা, খুলনা।
মোবাইল নং: ০১৫৫০-৭০০১২৪ (উপপরিচালক)

ঘ) বরিশাল বিভাগ
২৯ ডিসেম্বর-২০২৬ (মঙ্গলবার)
পরীক্ষা কেন্দ্র: বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, গরিয়ারপাড়, বরিশাল।
মোবাইল নং: ০১৫৫০-৭০০১২৭ (উপপরিচালক)

ঙ) ময়মনসিংহ বিভাগ
৩১ ডিসেম্বর-২০২৬ (বৃহস্পতিবার)
পরীক্ষা কেন্দ্র: ময়মনসিংহ জেলা স্টেডিয়াম, ময়মনসিংহ।
ফোন নং: ০২২২৭৭৮৯২১৫-৬

চ) সিলেট বিভাগ
০২ জানুয়ারি-২০২৭ (শনিবার)
পরীক্ষা কেন্দ্র: বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, কল্লাগ্রাম, বাইপাস, খাদিমনগর, সিলেট।
মোবাইল নং: ০১৫৫০-৭০০১৩০ (উপপরিচালক)

ছ) চট্টগ্রাম বিভাগ
০৪ জানুয়ারি-২০২৭ (সোমবার)
পরীক্ষা কেন্দ্র: বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সাগরিকা রোড, চট্টগ্রাম।
মোবাইল নং: ০১৫৫০-৭০০১৩৩ (উপপরিচালক)

জ) ঢাকা বিভাগ
০৭ ও ০৮ জানুয়ারি-২০২৭ (বৃহস্পতি ও শুক্রবার)
পরীক্ষা কেন্দ্র: বিকেএসপি, জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা।
ফোন নং: ০২২২৭৭৮৯২১৫-৬

খেলার নাম	বয়স	ন্যূনতম উচ্চতা		ভর্তির শ্রেণি
		ছেলে	মেয়ে	
১। ক্রিকেট	১০-১৪	৪'-১"	৪'-১"	৫ম-৯ম
২। ফুটবল	০৮-১১	৩'-১০"	৩'-৯"	৩য়-৬ষ্ঠ
৩। আর্চারি	১০-১৪	৪'-১"	৪'-১"	৫ম-৯ম
৪। এ্যাথলেটিক্স	১০-১৫	৪'-১"	৪'-১"	৫ম-৯ম
৫। ব্যাডমিন্টন	১০-১৩	৫'-৩"	৪'-৯"	৫ম-৮ম
৬। বাস্কেটবল	১১-১৫	৫'-৮"	৫'-২"	৬ষ্ঠ-৯ম
৭। বক্সিং	০৯-১৩	৪'-০"	৪'-০"	৪র্থ-৮ম
৮। দাবা	০৭-০৮	৩'-৮"	৩'-৭"	২য়-৩য়
৯। জিমন্যাস্টিক্স	০৮-১০	৩'-১০"	৩'-৯"	৩য়-৫ম
১০। হকি	১০-১৪	৪'-১"	৪'-১"	৫ম-৯ম
১১। জুডো	১০-১৪	৪'-১"	৪'-১"	৫ম-৯ম
১২। কাবাডি	১৩-১৫	৪'-৮"	-	৭ম-৯ম
১৩। কারাতে	১০-১৪	৪'-১"	৪'-১"	৫ম-৯ম
১৪। শুটিং	১০-১৩	৪'-১"	৪'-১"	৫ম-৮ম
১৫। স্কোয়াশ	১০-১৩	৪'-১"	-	৫ম-৮ম
১৬। সাঁতার ও ডাইভিং	০৭-১২	৩'-৮"	৩'-৭"	২য়-৭ম
১৭। টেবিল টেনিস	০৮-১২	৩'-১০"	৩'-৯"	৩য়-৭ম
১৮। তায়কোয়ানডো	১০-১৪	৪'-১"	৪'-১"	৫ম-৯ম
১৯। টেনিস	০৮-১৩	৩'-১০"	৩'-৯"	৩য়-৮ম
২০। ভলিবল	১১-১৫	৫'-৮"	৫'-২"	৬ষ্ঠ-৯ম
২১। ভারোত্তোলন	১১-১৫	৪'-৩"	৪'-৪"	৬ষ্ঠ-৯ম
২২। উশু	১০-১৪	৪'-১"	৪'-১"	৫ম-৯ম
বিশেষ ক্রীড়া মেধা সম্পন্ন খেলোয়াড়দের জন্য বয়স, শ্রেণি ও উচ্চতা শিথিলযোগ্য				

অনলাইনে আবেদন করার পদ্ধতি: সকল ভর্তিচ্ছু প্রার্থীকে ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের পূর্বে প্রতি ক্রীড়া বিভাগের জন্য ২০০/- টাকা হারে অনলাইনে ফি পরিশোধ সাপেক্ষে আবেদন সম্পন্ন করে প্রিন্ট কপি সঙ্গে আনতে হবে। একাধিক ক্রীড়া বিভাগের পরীক্ষা দেওয়ার জন্য একই সাথে একাধিক গেম সিলেক্ট করতে হবে। নিম্নের প্রক্রিয়ায় অনলাইনে ফরম পূরণ করতে হবে।

bkspds.gov.bd > Applicant registration > Apply > Form Fill up > Submit > Make payment > Ekpay > Pay with selected Operator > Download > Print

প্রাথমিক নির্বাচন:

১. প্রাথমিক নির্বাচনের সময় ক্রীড়া নৈপুণ্য ও শারীরিক যোগ্যতার পরীক্ষা গ্রহণ করা হবে। অংশগ্রহণকারীকে **স্ব-স্ব ক্রীড়া অনুযায়ী ব্যবহারিক পরীক্ষায়** অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় ক্রীড়া সরঞ্জামাদি ও পোশাকাদি সাথে আনতে হবে।
২. প্রাথমিক নির্বাচনের দিন বয়সের প্রমাণপত্র হিসেবে সরকার কর্তৃক ইপিআই প্রোগ্রামের টিকা কার্ড ও অনলাইন জন্ম নিবন্ধন সনদ সঙ্গে আনতে হবে।

চূড়ান্ত নির্বাচন:

১. প্রাথমিক ভাবে নির্বাচিত প্রশিক্ষণার্থীদের নিয়ে ০৩-০৭ দিনের চূড়ান্ত বাছাই ক্যাম্প আয়োজন করা হবে, যার ফলাফল বিকেএসপি'র ওয়েব সাইটে bksp.gov.bd প্রকাশ করা হবে।
২. প্রশিক্ষণার্থীকে ক্যাম্পে যোগদানের দিনে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, ইপিআই প্রোগ্রামের টিকা কার্ড, অনলাইন জন্ম নিবন্ধন সনদ, সর্বশেষ পরীক্ষার সনদ/নম্বরপত্রের কপি এবং প্রযোজ্য ক্ষেত্রে ৬ষ্ঠ শ্রেণির শিক্ষা বোর্ডের রেজিস্ট্রেশন কার্ড অথবা eSIF ফরম পূরণ সংক্রান্ত নামীয় তালিকা সঙ্গে আনতে হবে। প্রদত্ত তথ্যাদি ও সনদ অসত্য প্রমাণিত হলে অযোগ্য বলে বিবেচিত হবে।
৩. বাছাই ক্যাম্পে স্ব-স্ব ক্রীড়া বিভাগের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে।
৪. প্রার্থীকে যে শ্রেণিতে ভর্তির লক্ষ্যে প্রাথমিকভাবে নির্বাচন করা হয়েছে তার পূর্ববর্তী শ্রেণির সিলেবাস অনুযায়ী লিখিত (বাংলা, ইংরেজি, গণিত) ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।
৫. ক্রীড়া বিজ্ঞান সংক্রান্ত ব্যবহারিক ও চূড়ান্ত ডাক্তারি পরীক্ষা গ্রহণের সময় বয়স প্রমাণের জন্য প্রয়োজনে প্রার্থীর হাড় পরীক্ষা (Bone Test) করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য:
১. একজন প্রার্থী একটি ক্রীড়া বিভাগে শুধুমাত্র একবারই নিবন্ধন করতে পারবে। একই ক্রীড়া বিভাগে একাধিকবার নিবন্ধন করলে উক্ত প্রার্থী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।
২. কোন প্রার্থী নিজ বিভাগের কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে অন্য কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে। এছাড়া কেন্দ্রে এসে ফি পরিশোধ সাপেক্ষে গেম যুক্ত করতে পারবে।
৩. বিশেষ কারণে ভর্তি কার্যক্রমের তারিখ ও সময় পরিবর্তনের ক্ষমতা বিকেএসপি কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

বিশেষ সতর্কীকরণ: ভর্তি প্রক্রিয়ায় অনৈতিক সুবিধা লাভের উদ্দেশ্যে বিকেএসপির কোনো কর্মকর্তা, কোচ, শিক্ষক বা কর্মচারীর সঙ্গে ব্যক্তিগত যোগাযোগ, তদবির, অবৈধ আর্থিক লেনদেন কিংবা প্রভাব বিস্তারের প্রচেষ্টা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদন/ভর্তি বাতিলসহ বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

যোগাযোগের জন্য:
(সকাল ৯.০০টা হতে বিকাল ৪.০০ টা)
০১৭১৩২৪৬০৪০, ০১৭০৯-৩৩০০৮৪, ০১৬০৭৫০৬২৬৬
bksp1983@yahoo.com www.bksp.gov.bd

নিবন্ধন সমস্যা সম্পর্কিত তথ্যের জন্য যোগাযোগ:
(সকাল ৯.০০টা হতে বিকাল ৪.০০ টা)
০১৬৭২-০৯৩৩৪৬, ০১৪০৬-১৫২২৩১

মোহাম্মদ সাইফ উল্লাহ, এনডিসি, পিএসসি
ব্রিগেডিয়ার জেনারেল
মহাপরিচালক, বিকেএসপি।

G-318/11/26 (10"×4)